# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ১০ম** **বিষয় ঃ বাংলা দ্বিতীয় পত্র (রচনামূলক)**

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **বিষয় কোড:১৩৫** **পূর্ণমান ঃ ৭০**

[ডানপাশের উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

১। অনুচ্ছেদ লিখ:- (যে কোন একটি) ১০

ক) শীতের সকাল

খ) শিক্ষা সফর

২। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও- ১০

ক) তোমার মাদ্‌রাসার ভিতরে একটি ক্যান্টিন স্থাপনের ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লিখ।

অথবা,

খ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধকল্পে জনমত তৈরি করার জন্য সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লিখ।

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও- ১০

ক) সারাংশ লিখ:-

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থ বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুনির্বার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচ⇀ বেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় করতে না পারে, তবে মনুষ্যত্ব কথাটাই লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌছেছে সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠাবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোন সন্দেহ নেই।

অথবা

খ) সারমর্ম লিখ:

"বসুমতি, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুড়ি করে পাই শস্যকণা।
দিতে যদি হয় দে-মা, প্রসন্ন সহাস?
কেন এ মথার ঘাম পায়েতে বহাস
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতি,
আমার গৌরব তাতে সামান্যই বাড়ে;
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।"

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও-

ভাবসম্প্রসারণ লেখ:-

ক) পাপীকে নয়, পাপকে ঘৃণা কর।

খ) চরিত্র মানব জীবনের মুকুট স্বরূপ।

৫। ক) সাম্প্রতিক ভয়াবহ বন্যায় তোমার এলাকার ক্ষয়ক্ষতির বর্ণনা দিয়ে জেলা প্রশাসকের বরাবর একটি প্রতিবেদন রচনা কর। ১০

অথবা

খ) বিজয় দিবস উৎযাপন উপলক্ষে তোমার মাদ্‌রাসায় আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। প্রবন্ধ রচনা কর (যে কোন একটি)- ২০

ক) শ্রমের মর্যাদা

খ) মাদকাসক্ত ও তার প্রতিকার

গ) সময়ের মূল্য

ঘ) মাতা পিতার প্রতি দায়িত্ব

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ১০ম বিষয় ঃ বাংলা ২য় পত্র (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট** | **বিষয় কোড: ১৩৫** | **পূর্ণমান ঃ ৩০**

**[বিঃ দ্রঃ সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর। প্রশ্নেপত্রে উত্তর দাগানো কিংবা কোনরূপ দাগ দেয়া নিষেধ]**

১। 'যে নারীর স্বামী ও পুত্র নেই'- তাকে বলে?

ক) অনূঢ়া খ) কুমারী গ) নবোঢ়া ঘ) আবীরা

২। ভাষা ব্যবহারের ক্ষেত্রে অন্যান্য প্রাণীর তুলনায় মানুষ ব্যতিক্রম কোন দিক থেকে?

i) স্নায়ুতন্ত্র ii) মস্তিষ্ক iii) মানুষের অন্যান্য প্রত্যঙ্গ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩। প্রাণী জগতে একমাত্র কাদের ভাষা আছে?

ক) মানুষের খ) পাখির গ) প্রাণীর ঘ) সবার

৪। যুক্ত ব্যঞ্জন কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

৫। প্রত্যয় কত প্রকার?

ক) ৫ খ) ৪ গ) ৩ ঘ) ২

৬। আমাদের শরীরের উপরের প্রত্যঙ্গগুলোর কাজ কী?

i) শ্বাসকার্য পরিচালনা করা ii) খাদ্য গ্রহণ করা

iii) কথা বলা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৭। 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?

ক) বিশেষভাবে বিভাজন খ) বিশেষভাবে বিশ্লেষণ

গ) বিশেষভাবে বিয়োজন ঘ) বিশেষভাবে সংযোজন

৮। অসমীকরণের উদাহরণ কোনটি?

ক) বিরাতি > বিলিতি খ) দেশি > দিশি

গ) টপ + টপ > টপাপট ঘ) সাধ > সাউধ

৯। কোনটি উপদ তৎপুরুষ সমাস?

ক) পকেটমার খ) গৃহান্তর গ) প্রভাত ঘ) আরক্তিম

১০। দ্বিরুক্তির অপর নাম কী?

ক) দ্বিতীয় উক্তি খ) অনুক্ত শব্দ গ) শব্দ দৈত ঘ) শব্দ যুগল

১১। কুসুম শব্দের বহুবচন কোনটি?

ক) কোমল খ) দল গ) রাজি ঘ) নিচয়

১২। ছেলেটা অঙ্কে কাঁচা-এ বাক্যে 'টা' প্রকাশক-

ক) সমার্থকতা খ) নিরর্থকতা গ) নিদিষ্টতা ঘ) অনিষ্টতা

১৩। শব্দের আগে বসে কোনটি?

ক) অনুসর্গ খ) উপসর্গ গ) প্রত্যয় ঘ) বিভক্তি

১৪। 'আকাশ' শব্দের সমার্থক শব্দ-

i) মেদিনী ii) অম্বর iii) ব্যোম

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৫। কৃত-প্রত্যয়ের প্রকৃতিকে কী বলে?

ক) ধাতু খ) ক্রিয়া গ) নাম প্রকৃতি ঘ) প্রাতিপদিক

১৬। ভাষা মূল উপকরণ কী?

ক) অক্ষর খ) ধ্বনি গ) বর্ণ ঘ) শব্দ

১৭। কোনটি ভাববাচক বিশেষ্য?

ক) গমন খ) মধুরতা গ) লবণ ঘ) মানুষ

১৮। ক্রিয়ার ভাব কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১৯। রোগ হলে ওষুধ খাবে কোন কালের অনুজ্ঞা?

ক) শীতকাল খ) বর্তমানকাল গ) ভবিষ্যৎকাল ঘ) অতীত কাল

২০। বাক্যে কমা থাকলে কতটুকু থামতে হয়?

ক) ১ সেকেন্ড খ) থামার প্রয়োজন নেই

গ) ১ বলতে যে সময় লাগে ঘ) ১ বলার দ্বিগুণ সময়

২১। অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে কর্তা কত প্রকার?

ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৬ প্রকার ঘ) ১২ প্রকার

২২। 'Umlaut এর অর্থ কী?

ক) সমীভবন খ) বিষমীভবন গ) প্রগত ঘ) অভিশ্রুতি

২৩। গঠনগত দিক থেকে শব্দ কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২৪। মহকুমা ও জানোয়ার কোন ভাষার শব্দ?

i) আরবি ii) ফারসি iii) পর্তুগিজ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৫। কোন বাক্যাংশটি গুরু চন্ডালী দোষযুক্ত?

ক) ঘোড়ার গাড়ি খ) শবদাহ গ) ঘোটকের গাড়ি ঘ) মড়াপোড়া

২৬। কোন বাগধারাটির অর্থ 'বেহায়া'?

ক) চিনির বলদ খ) কানটাটা গ) জিলাপির প্যাঁচ ঘ) ঠোঁটকাটা

২৭। বাচ্য কত প্রকার?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২৮। কর্মবাচ্যের কর্তা কোন বিভক্তি হয়?

ক) প্রথমা খ) দ্বিতীয়া গ) তৃতীয়া ঘ) ষষ্ঠী

২৯। কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?

ক) ধীরে চল খ) ঘোড়া খুব দ্রুত চলে

গ) সে গুণবান ঘ) মেটে কলসি

৩০। বাংলা সন্ধি কত প্রকার?

ক) ২ প্রকার খ) ৩ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার